সিলেটে ইউপি নির্বাচনে আ.লীগ ৯, বিএনপি ৩,জামায়াত ১ ও স্বতন্ত্র ২

চেম্বার প্রতিবেদক: তৃতীয় ধাপের ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনে সিলেটের জৈন্তাপুর ও কানাইঘাট উপজেলার ১৫ টি ইউনিয়নে ৯টিতে আওয়ামী লীগ, ৩টিতে বিএনপি, ১টিতে জামায়াতপন্থী ও ২টিতে স্বতন্ত্র প্রার্থী জয়লাভ করেন।

ফলাফল অনুযায়ী জৈন্তাপুরের ৬টি ইউনিয়নের মধ্যে ৩ টিতে আওয়ামীলীগ, ১টিতে বিএনপি, ১টিতে আওয়ামী লীগ বিদ্রোহী ও ১টি বিএনপির বিদ্রোহী প্রার্থী বিজয়ী হয়েছেন।

জৈন্ত◌াপুরের ৬টি ইউনিয়নে বিজয়ী চেয়ারম্যান প্রার্থীরা হলেন-আওয়ামী লীগ প্রার্থী মঞ্জুর এলাহী সম্রাট, মো. এখলাছুর রহমান, শাহ আলম চৌধুরী তোফায়েল,
আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী আমিনুর রশিদ, বিএনপির প্রার্থী বাহারুল আলম ও বিদ্রোহী প্রার্থী
মো. আব্দুর রশিদ।
অপরদিকে, কানাইঘাট উপজেলার ৯টি ইউনিয়নের মধ্যে ৫ টিতে আওয়ামী লীগ, ১ টিতে বিএনপি, ১ টিতে বিএনপির বিদ্রোহী প্রার্থী, ১ টিতে জামায়াতপন্থী এবং ১ টিতে স্বতন্ত্র প্রার্থী বিজয়ী হয়েছেন।

কানাইঘাটের ৯টি ইউনিয়নে বিজয়ী চেয়ারম্যান প্রার্থীরা হলেন-আওয়ামী লীগের আলী হোসেন, মোস্তাক আহমদ, মাসুদ আহমদ, জেমস্ লিও ফারগুসন নানকার, ফখরুল ইসলাম, বিএনপির মামুনুর রশিদ মামুন, বিএনপির বিদ্রোহী প্রার্থী আব্বাস উদ্দিন, জামায়াতপন্থী প্রার্থী ফয়েজ আহমদ, ও স্বতন্ত্র প্রার্থী মাওলানা আবুল হোসেন।

এর আগে শনিবার (২৩ এপ্রিল) সকাল ৮টা থেকে সিলেটের সীমান্তবর্তী জৈন্তাপুর ও কানাইঘাট উপজেলার ১৫টি ইউনিয়নে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। শেষ হয় বিকেল ৪টায়।